দৈনিক
ইনকিলাব

তারিখ 16/৪/০৭
পৃষ্ঠা ১ কলাম ১

# মহানগর বেসরকারী প্রাথমিক শিক্ষা কমিটি পুনর্গঠন

## শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন এমপিওভুক্তি ও শিক্ষক নিয়োগ সুপারিশ করবে এ কমিটি

তালুকদার হারুন

মহানগর এলাকায় বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের রেজিস্ট্রেশন, এমপিওভুক্তি এবং শূন্যপদে শিক্ষক নিয়োগের সুপারিশ প্রদানের দায়িত্ব দিয়ে মহানগর প্রাথমিক শিক্ষা কমিটি পুনর্গঠন করেছে সরকার। সম্প্রতি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় পূর্বের নীতিমালা বাতিল করে মহানগর প্রাথমিক শিক্ষা কমিটি গঠন ও এর পরিচালনা সংক্রান্ত নতুন নীতিমালা জারি করেছে। নতুন নীতিমালা অনুযায়ী প্রাথমিক শিক্ষা বিভাগের উপ-পরিচালক হবেন ১৪ সদস্যের মহানগর প্রাথমিক শিক্ষা কমিটির চেয়ারম্যান। মেয়র কর্তৃক মনোনীত একজন শিক্ষানুরাগী ব্যক্তি কমিটির সদস্য হবেন। কমিটিতে প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক মনোনীত ৪ জন সদস্য থাকবেন। তাদের মধ্যে একজন এনজিও সদস্য, একজন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির প্রধান, মহানগরে অবস্থিত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক/শিক্ষিকা ও মহানগর এলাকার একটি রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের

পৃঃ ৫ কঃ ১

### মহানগর বেসরকারী প্রাথমিক

প্রথম পৃষ্ঠার পর

ব্যবস্থাপনা কমিটির প্রধান। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মনোনীত দু'জন প্রতিনিধিও থাকবেন কমিটিতে। এরা হচ্ছেন মহানগর এলাকায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক/শিক্ষিকা, রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক/শিক্ষিকা, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক মনোনীত একজন কর্মকর্তা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের প্রধান প্রকৌশলী কর্তৃক মনোনীত একজন প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের প্রধান প্রকৌশলী কর্তৃক মনোনীত একজন প্রকৌশলী, জেলা প্রশাসক মনোনীত একজন প্রতিনিধি ও প্রাথমিক শিক্ষা অধিদফতরের বিভাগীয় উপ-পরিচালক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এই কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

মহানগর প্রাথমিক শিক্ষা কমিটির কার্যালয়ের মেয়াদ হবে তিন বছর। কোন মনোনীত সদস্যের পদ পরিবর্তিত হলে অথবা তিনি মহানগর এলাকার বাইরে বদলি হলে তার সদস্য পদ স্বয়ংক্রিয়ভাবে শূন্য হবে।

মহানগর প্রাথমিক শিক্ষা কমিটি মহানগর এলাকার প্রাথমিক শিক্ষার সার্বিক অবস্থা ও অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা করবে। সরকারী নির্দেশনা অনুযায়ী থানা শিক্ষা অফিসার ও সহকারী শিক্ষা অফিসার কর্তৃক প্রাথমিক বিদ্যালয় নিয়মিতভাবে পরিদর্শিত হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করবে। কমিটি মহানগর এলাকার প্রাথমিক বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীর ভর্তির সংখ্যা বৃদ্ধি, ছাত্র-ছাত্রীদের বিদ্যালয় হতে ঝরেপড়া রোধ, ৬-১০ বছর বয়সী সকল শিশুকে প্রাথমিক শিক্ষা প্রদান নিশ্চিতকরণ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে। মহানগর এলাকার প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়নে বিদ্যালয় পুনঃনির্মাণ ও মেরামতের জন্য অগ্রাধিকার তালিকা প্রণয়ন এবং বিদ্যালয়বিহীন এলাকা চিহ্নিত করে ব্যবস্থা গ্রহণের সুপারিশও করবে কমিটি।